

## Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 20 April, 2025

ঢাকাই সিনেমার আলোচিত প্রযোজক ও পরিচালক এমডি ইকবালকে তার ব্যক্তিগত মোবাইল নম্বরে ফোন করে হত্যার হুমকি দেয়া হয়েছে। গেল কয়েক দিন ধরে বিভিন্ন সময়ে ১৫টি নম্বর থেকে এই হুমকি দেওয়া হচ্ছে বলে কাছে দাবি করেছেন ইকবাল।

তিনি বলেন, “‘বরবাদ’ সিনেমা নিয়ে মন্তব্য করার জেরে আমাকে গলা কেটে হত্যার হুমকি দেয়া হচ্ছে। মাদক আর ভায়োলেন্সের ভরপুর ‘বরবাদ’ সিনেমা কীভাবে সেন্সর পায় সেটা নিয়ে আমি কথা বলেছি। এছাড়া সিনেমার আয় নিয়ে যে মিথ্যাচার চলছে সেটা নিয়ে কথায় বলায় আমাকে বারবার মোবাইল ফোনে হুমকি দেয়া হচ্ছে।

‘ফোনদাতারা আমাকে গণমাধ্যমে সাক্ষাৎকার না দিতেও হুঁশিয়ারি দিয়েছে। ওরা কী মনে করেছে আমি কী বানের জলে ভেসে এসেছি। শিগগিরই আমি থানায় গিয়ে ওদের বিরুদ্ধে অভিযোগ জানাব। আমার ব্যক্তিস্বাধীনতায় কেউ হস্তক্ষেপ করতে পারবে না। আমি সিনেমার মানুষ। কোন সিনেমা কতটা ব্যবসা করে তা আমার ভালোই জানা আছে। আমাকে এসব হুমকি দিয়ে লাভ নাই’- যোগ করেন ‘কিল হিম’ সিনেমার পরিচালক ও প্রযোজক।

তিনি জানান, আইনি সহায়তার জন্য সব প্রস্তুতি নিয়েছেন। দুই এক দিনে মধ্যে পুলিশ ব্যবস্থা নেবে। তার ভাষ্য, ‘দেশের আইনশৃঙ্খলা বাহিনীর উপর আমার ভরসা আছে।

একটা সময় শাকিব খানের ঘনিষ্ঠ বন্ধু হিসেবে ফিল্ম ইন্ডাস্ট্রিতে পরিচিত ছিলেন এমডি ইকবাল। নায়কের ব্যক্তিগত জীবনের কঠিন সময়েও শাকিবের পক্ষ নিয়ে কথা বলতেন তিনি।

তবে হঠাৎ করেই তাদের বন্ধুত্বের ছন্দপতন ঘটেছে।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 19:43

URL: <https://timestodaybd.com/entertainment/8289251137>